

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়



পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।

ফোন-০৩০৩৫৫৬৩৯১-৯২, মোবাইল-০১৮৭৬০২৯০৪৬

ই-মেইল- patiyagovtcollege@gmail.com


ওয়েবসাইট- www.patiyagovtcollege.gov.bd

তারিখ- ০৮/০৯/২০২৪ খ্রি.

বিষয়ঃ পটিয়া সরকারী কলেজ, পটিয়ার সাধারণ শিক্ষার্থীদের পক্ষ থেকে প্রদত্ত স্মারকলিপির প্রেক্ষিতে শিক্ষক পরিষদের জরুরী সভায় তাৎক্ষণিক গৃহীত সিদ্ধান্ত সমূহ।

- ১। জনাব রিয়াজ আহমেদ, সহযোগী অধ্যাপক (সংযুক্ত) ও বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ এর বিরুদ্ধে আনীত যৌন নিপীড়ন এবং পর্দা ও হিজাব সম্পর্কে কটাক্ষের অভিযোগের প্রেক্ষিতে গত ০১/০৯/২০২৪ তারিখে গঠিত তদন্ত কমিটিকে কমিটি গঠনের ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হয়।
- ২। তদন্ত কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদন জরুরী ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। গত ০১/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত শিক্ষক পরিষদের জরুরী সভায় উত্থাপিত অভিযোগ সমূহের সুষ্ঠু তদন্তের স্বার্থে জনাব রিয়াজ আহমেদ, সহযোগী অধ্যাপক (সংযুক্ত) ও বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ-কে কলেজের যাবতীয় কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করা হয়।
- ৪। জনাব উত্তম কুমার দাশ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর বিরুদ্ধে আনীত অভিযোগ (যেমন- পর্দা ও হিজাব সম্পর্কে কটাক্ষসহ অন্যান্য অসৌজন্যমূলক আচরণ ও ব্যবহার) সমূহের প্রেক্ষিতে গত ০১/০৯/২০২৪ তারিখে গঠিত তদন্ত কমিটিকে কমিটি গঠনের ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।
- ৫। জনাব উত্তম কুমার দাশ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গত ০১/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত শিক্ষক পরিষদের জরুরী সভায় উত্থাপিত অভিযোগ সমূহের সুষ্ঠু তদন্তে স্বার্থে কলেজের যাবতীয় কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করা হয়।
- ৬। দাড়ি, টুপি, পর্দা, বোরকা এবং নেকাবসহ অন্যান্য ধর্মীয় অনুশাসন মেনে চলার ব্যাপারে কেউ কোন ধরণের আপত্তিজনক মন্তব্য কিংবা আচরণ প্রদর্শন করলে কর্তৃপক্ষ বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।




০৪.০৭.২০২৪

(প্রফেসর ইলিয়াছ উদ্দিন আহম্মদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।